



# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়

ময়মনসিংহ (দঃ)।

E-mail: crmmymensinghsouth@krishibank.org.bd



**বিষয়ঃ** জানুয়ারী-মার্চ ২০২২ সময়কালের ৩য় প্রাক্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বিবেচনা, মুখ্য অঞ্চল ময়মনসিংহ (দঃ) এর নৈতিকতা কমিটির সভা ২৮.০৩.২০২২ ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকায় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক জনাব প্রবীর কুমার দাস এর সভাপতিত্বে মুখ্য আঞ্চলিক কার্যালয় ময়মনসিংহ (দঃ) এ অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

- |   |        |
|---|--------|
| (ক) জনাব প্রবীর কুমার দাস, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(দঃ) | সভাপতি |
| (খ) জনাব আহমদ আমান, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আনিকা, ময়মনসিংহ(দঃ)                        | সদস্য  |
| (গ) জনাব সালমা আক্তার, কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(দঃ)                    | সদস্য  |
| (ঘ) জনাব দীপ্তি চক্রবর্তী, সহকারী মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(দঃ)     | সদস্য  |
| (ঙ) মোঃ এমদাদুল হক, মুখ্য কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ(দঃ)                 | সচিব ও |

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট  
কর্মকর্তা।

০২। কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সুশাসন নিশ্চিত করতে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত প্রকাশ করেন। তিনি আরো মনে করেন দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্য তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ে সু-সমন্বয় প্রয়োজন। বর্তমান ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশল প্রনয়ণ ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ অতিব জরুরী বলে সভায় সকলে একমত প্রকাশ করেন। মুখ্য অঞ্চল ময়মনসিংহ (দঃ) এর কর্মকর্তা/কর্মচারীদের সততা নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

- ০১) অত্র অঞ্চলের সকল কর্মকর্তা/কর্মচারী কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চা করবেন, পাশাপাশি অর্পিত কাজ সুচারুরূপে সম্পন্ন করবেন।
- ০২) সৃষ্ট আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিতকরণে সংশ্লিষ্ট বিধিবিধান যথাযথ ভাবে সকলকে পরিপালনে সচেষ্ট হতে হবে। আর্থিক ব্যবস্থাপনা বা অন্য কোন বিষয়ে অনিয়ম দূরীকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৩) দর্শণীয় স্থানে অভিযোগ বাক্স অবিলম্বে স্থাপন করতে হবে।
- ০৪) খেলাপি ঋন সংক্ৰান্তি হতে মুক্তিকল্পে ব্যাংকের খেলাপি ঋন আদায়ে সচেষ্ট হতে হবে। করোনা প্যাকেজ (এসিডি-১ এবং সিএমএসএমই) এর অধিনে ঋণসমূহের টাকা আদায়ের জন্য ঋণ গহীতার সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করতে হবে এবং উক্ত প্যাকেজ শতভাগ বাস্তবায়নে সচেষ্ট হতে হবে।
- ০৫) সততার সাথে সকলকে মানিলভারিং রোধে সক্রিয় ভূমিকা পালন করতে হবে এবং অবিলম্বে এতদ্বিষয়ে সকলকে নিয়ে সভা করতে হবে।
- ০৬) বিবেচনার আচরণ বিধি বাস্তবায়নে সকলকে সদা সচেষ্ট থাকতে হবে।
- ০৭) বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন কার্যাবলী নিয়ে বার্ষিক প্রতিবেদন নিয়মিতভাবে যথাসময়ে প্রকাশ করতে হবে। উক্ত বার্ষিক প্রতিবেদনে এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজ্য সকল বিষয় উল্লেখ করতে হবে। প্রতি ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির সভায় বার্ষিক প্রতিবেদন প্রস্তুতের অগ্রগতি অবহিত করতে হবে।

সম্মিলিতভাবে শুদ্ধাচার চর্চার মাধ্যমে টীম স্পিরিটকে কাজে লাগিয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য অঞ্চল ময়মনসিংহ (দঃ) কে একটি আদর্শ সফল অঞ্চল হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

Salma  
প্রতিবেদন প্রস্তুতকারীর  
স্বাক্ষর

২৮/০৩/২০২২  
নৈতিকতা কমিটির  
সদস্য সচিবের স্বাক্ষর

নৈতিকতা কমিটির  
সদস্যের স্বাক্ষর

444 Au  
নৈতিকতা কমিটির  
সদস্যের স্বাক্ষর

Andrew.  
নৈতিকতা কমিটির  
সভাপতির স্বাক্ষর

স্মারক নং- মুআকা(মঃদঃ)প্রশাসন (বিবিধ-১(৪২)/২০২১-২০২২/৩০৬৪(৪))

তারিখঃ- ২৮/০৩/২০২২ ইং

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিবেচনা, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিবেচনা, প্রকা, ঢাকা।
- ০৩। সকল শাখা ব্যবস্থাপক, বিবেচনা, ময়মনসিংহ(দঃ), মুখ্য অঞ্চল।
- ০৪। নথি/মহানথি।

সদস্য সচিব